গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-২/পার-৫/ইউএ-৩২/৯০/২৫৮ তারিখঃ ২৬.০৪.১৪২১ / ১০.০৮.২০১৪

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ নুরুল ইসলাম, প্রাক্তন রেডিওথেরাপিস্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ মোঃ নুরুল ইসলাম-কে ২০.১০.১৯৯৭ তারিখের পার-৫/ইউএ-৩২/৯০.২৫২/১(১১)নং স্মারকমূলে ০১-০১-১৯৯০ তারিখ হতে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হয় ;

যেহেতু, ডাঃ মোঃ নুরুল ইসলাম প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার আদালতে এটি-৩৪/৯৮ মামলা দায়ের করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকার বিজ্ঞ বিচারক ৩০.০৪.২০০৫ তারিখের রায়ে সকল প্রকার সুযোগ সুবিধাসহ চাকুরিতে পুনর্বহালের রায় প্রদান করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার বিজ্ঞ বিচারকের ৩০.০৪.২০০৫ তারিখের আদেশের বিরুদ্ধে সচিব,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আপীল ট্রাইবুন্যালে ১৭৬/২০০৫ নং আপীল মামলা দায়ের করা হলে প্রশাসনিক আপীল ট্রাইবুন্যাল এর ২২.০২.২০১০ তারিখের রায়ে তাঁকে অনুপস্থিত কালীন সময়ের বেতন-ভাতাদি না দিয়ে শুধুমাত্র পেনশন সুবিধাদিসহ বাধ্যতামূলক অবসর প্রদানের রায় প্রদান করেন;

সেহেতু, এক্ষণে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের ২২.০২.২০১০ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ মোঃ নুরুল ইসলাম, প্রাক্তন রেডিওথেরাপিস্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-কে বিজ্ঞ আদালতের রায়ের তারিখ হতে বাধ্যতামূলক অবসর প্রদানের নিমিত্ত চাকুরিতে পুনর্বহাল পূর্বক তাকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো। তিনি বিজ্ঞ আদালতের নির্দেশ মোতাবেক বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০৭.৮.১৪
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

নং-স্বাপকম/শৃংখলা-২/পার-৫/ইউএ-৩২/৯০/২৫৮/১ (৭) তারিখঃ ১০.০৮.২০১৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো)
৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮। ডাঃ মোঃ নুরুল ইসলাম, প্রাক্তন রেডিওথেরাপিস্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা (বর্তমান ঠিকানাঃ ২২ নং গ্রীণ কর্নার, গ্রীন রোড, ঢাকা- ১২০৫, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ পাঁচকাহনিয়া, পোঃ দুধেরচর, জেলাঃ ময়মনসিংহ)।

১০/৮/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৩- ২৬২ তারিখঃ- ২৬.০৪.১৪২১ বঙ্গাব্দ / ১০.০৮.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ ফয়সাল খান (১২০০৭৯), সহকারী সার্জন, জয়ন্তপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোনা ০৮.০২.২০১২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(C) অনুযায়ী ডাঃ মোঃ ফয়সাল খান গত ০৩.০৭.২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে ৬ মাস মেয়াদে এডহক নিয়োগপ্রাপ্ত। কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি। কাজেই সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (বি) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে শাস্তি আরোপ করতে পারে বলে কমিশন অভিমত প্রকাশ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ ফয়সাল খান (১২০০৭৯), সহকারী সার্জন, জয়ন্তপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোনা-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির ০৮.০২.২০১২ তারিখ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

১১.৭.১৪.
(এম.এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৩- ২৬২/১ (৭) তারিখঃ-১০.০৮.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মদন, নেত্রকোনা।
৭। ডাঃ মোঃ ফয়সাল খান (১২০০৭৯), সহকারী সার্জন, জয়ন্তপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোনা।

২০/৮/১৪
(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

F:\All Nikes File\Dismissal doc 81